

# ■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৯৮১

৫০/ কুরআন তাফসীর (ﷺ) পরিচ্ছেদঃ সূরা আল-বাকারা

بَابُّ: وَمِنْ سُورَةِ البَقَرَةِ

### আরবী

حَدَّثَنَا عَبْدُ بْنُ حُمَيْد، حَدَّثَنَا هِشَامُ بْنُ الْقَاسِم، عَنِ الْمُبَارَكِ بْنِ فَضَالَةَ، عَنِ الْحَسَنِ، عَنْ مَعْقِلِ بْنِ يَسَارٍ، أَنَّهُ زَوَّجَ أُخْتَهُ رَجُلاً مِنَ الْمُسْلِمِينَ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صلى الله عَنْ مَعْقِلِ بْنِ يَسَارٍ، أَنَّهُ زَوَّجَ أُخْتَهُ رَجُلاً مِنَ الْمُسْلِمِينَ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَكَانَتْ عِنْدَهُ مَا كَانَتْ ثُمَّ طَلَقَهَا تَطْلِيقَةً لَمْ يُرَاجِعْهَا حَتَّى انْقَصَبَ الْعِدَّةُ فَهُويِهَا وَهُويَتُهُ ثُمَّ خَطَبَهَا مَعَ الْخُطَّابِ فَقَالَ لَهُ يَا لُكَعُ أَكْرَمْتُكَ بِهَا وَزَوَّجْتُكَهَا فَطَلَقْتُهَا وَاللَّهِ لاَ تَرْجِعُ إِلَيْكَ أَبِدًا آخِرُ مَا عَلَيْكَ قَالَ فَعَلِمَ اللَّهُ حَاجَتَهُ إِلَيْهَا وَحَاجَتَهَا إِلَى بَعْلِهَا وَاللَّهُ لاَ تَرْجِعُ إِلَيْكَ أَبِدًا آخِرُ مَا عَلَيْكَ قَالَ فَعَلِمَ اللَّهُ حَاجَتَهُ إِلَيْهَا وَحَاجَتَهَا إِلَى بَعْلِهَا وَاللَّهُ ( وَإِذَا طَلَقَتُمُ النِّسَاءَ فَبَلَغْنَ أَجَلَهُنَّ ) إِلَى قَوْلِهِ : ( وَأَنتُمْ لاَ تَعْلَمُونَ ) فَلَمَّا سَمِعَهَا مَعْقِلٌ قَالَ سَمْعَها مَعْقِلٌ قَالَ سَمْعَها لَوْرُهِ جُكَ وَأُكْرِمُكَ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَديثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ رُويَ مِنْ غَيْرِ وَجْهٍ عَنِ الْحَسَنِ . وَفِي هَذَا الْحَديث مَلَى أَنَّهُ لاَ يَجُوزُ النِّكَاحُ بِغَيْرِ وَلِيّ لاَنَ أُخْتَ مَعْقِلْ بْنِ يَسَارٍ كَانَتْ ثَيِّبًا فَلَوْ كَانَ لاَمُرُ إِلَيْهَا دُونَ وَلِيّهَا لَوْولِيعَ مَعْ رَضَاهُنَّ أَنْ يَنْكِحْنَ أَزْواجَهُنَّ ) فَفِي هَذِهِ الآيَةِ دَلالَةٌ في الآيَةِ الْأَوْلِيَاءَ فِي النَّذَ فِي الآيَةِ وَيَا النَّوْويِعِ مَعْ رِضَاهُنَّ .

#### বাংলা

২৯৮১. আবদ ইবন হুমায়দ (রহঃ) ...... মা'কিল ইবন ইয়াসার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি তাঁর ভগ্নিকে জনৈক মুসলিম ব্যক্তির কাছে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর যুগে বিয়ে দিয়েছিলেন। তিনি তার কাছে যতদিন জীবন যাপন করার করলেন। পরে তার স্বামী তাকে এক তালাক দিয়ে দেয়। ইদ্দৃত শেষ হওয়া পর্যন্ত তিনি তাকে রাজআত করলেন না। কিন্তু এরপর স্বামীও তার প্রতি আকৃষ্ট হয়ে পড়লেন আর তার স্ত্রীও স্বামীর দিকে আকৃষ্ট হয়ে পড়ে। তাই অন্যান্য প্রস্তাব দানকারীদের মধ্যে তিনিও তাকে আবার বিয়ের প্রস্তাব দিলেন। তখন ভাই মা'কিল রাদিয়াল্লাহু আনহু তাকে বললেনঃ হে ইতর, এই মহিলার মাধ্যমে তোমাকে আমি



সম্মান দিয়েছিলাম। তাকে তোমার কাছে বিয়ে দিলাম। কিন্তু তুমি তাকে তালাক দিয়ে দিলে। আল্লাহর কসম! তুমি আর কখনও তাকে তোমার কাছে ফিরিয়ে নিতে পারবে না। এ-ই তোমার সাথে সম্পর্ক শেষ।

রাবী বলেন, কিন্তু আল্লাহ্ তা'আলা জানতেন এই স্ত্রীর প্রতি তার স্বামীর টানের কথা এবং এই স্বামীর প্রতি ঐ মহিলার টানের কথা। তখন আল্লাহ তা'আলা নাযিল করলেনঃ

'তোমরা যখন স্ত্রীদের তালাক দাও এবং তারা তাদের ইদ্দতকাল পূর্ণ করে। তারা যদি বিধিমত পরস্পর সম্মত হয় তবে এই স্ত্রীরা নিজেদের (পূর্ব) স্বামীদের বিয়ে করতে চাইলে তোমরা তাদের বাধা দিবে না। এ দ্বারা তাদের উপদেশ প্রদান করা হচ্ছে তোমাদের মধ্যে যারা আল্লাহ্ ও আখিরাত দিবসের উপর ঈমান রাখে। এই তোমাদের জন্য শুদ্দতম ও পবিত্র বিষয়। আল্লাহ জানেন, তোমরা জান না।' (২ঃ ২৩২)

মা'কিল রাদিয়াল্লাহু আনহু এই আয়াত শোনার পর বললেনঃ আমার পরওয়ারদিগারের আদেশ আমি শুনছি এবং তা শিরোধার্য করে নিচ্ছি। এরপর তিনি উক্ত ভগ্নিপতিকে ডেকে আনলেন এবং বললেনঃ তোমরা কাছে আমি (আমার বোনকে পুনরায়) বিয়ে দিচ্ছি আর আমি তোমার সম্মান রক্ষা করছি।

হাদীসটি হাসান-সহীহ। হাসান (রহঃ) থেকে এটি একাধিক সূত্রে বর্ণিত আছে।

হাদীসটি এই কথার প্রমাণ করে যে, ওলী ছাড়া নিকাহ জায়েয নয়। কেননা, মা'কিল ইবন ইয়াসার রাদিয়াল্লাহ্ আনহ্-এর ভগ্নি বিবাহিতা ছিলেন। বিবাহের বিষয়টি যদি ওলী ছাড়া তাঁর ক্ষমতাধীন থাকত, তবে তিনি নিজেই বিয়ে বসতে পারতেন। তাঁর ওলী মা'কিল ইবন ইয়াসার রাদিয়াল্লাহ্ আনহ্-এর তিনি মুখাপেক্ষী হতেন না। দিতীয়ত আল্লাহ্ তা'আলা এই আয়াতে ওলীদেরকেই সম্বোন করে বলেছেনঃ (لَا تَعْضَلُوهُنَّ أَنْ يَنْكِحْنَ أَزْوَاجَهُنَّ) তোমরা বাধা দিবে না তাদেরকে নিজেদের স্বামীদের বিয়ে করতে।

সহীহ, ইরওয়া ১৮৪৩, সহিহ আবু দাউদ ১৮২০, বুখারি ৪৫২৯, তিরমিজী হাদিস নম্বরঃ ২৯৮১ [আল মাদানী প্রকাশনী]

## **English**

#### Narrated Al-Hasan:

from Ma'qil bin Yasar that he married his sister to a man among the Muslims during the time of the Messenger of Allah (ﷺ). She remained with him as long as she did, then he divorced her once without taking her back until her 'Iddah elapsed, but they desired each other again. He (Ma'qil) said to him: 'You ingrate! I honored you by marrying her to you, then you divorced her. By Allah! She will never be returned to you again.' Allah knew of his heed for her and her need for a husband, so Allah, Blessed and Most High, revealed:



'And when you have divorced women and they have fulfilled the term of their prescribed period...' up to His saying: '... and you do not know (2:232).' So when Ma'qil heard that he said: 'I heard my Lord and obey.' Then he called for him and said: 'I marry you, and honor you.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ মা'কিল ইবনু ইয়াসার (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন